# খুলনা শিপইয়ার্ড লিমিটেড

বাংলাদেশ নৌ বাহিনী, খুলনা

ফোনঃ ০৪১-৭২০০০৩/৮১৩৯৭৫ ফ্যাক্সঃ ৮৮০-৪১-৭২০৪০৪, **Website: www. khulna shipyard.com**
**E-mail : Contact@khulna shipyard.com**

প্রতিষ্ঠানের নামঃ.........................
ঠিকানাঃ...................................
...........................................
মোবাইল নংঃ...........................

টেন্ডার নং বাবি-০৯/৪২১/২৩-২৪
তারিখঃ ১১/০৩/২০২৩
খোলার তারিখঃ ২০/০৩/২০২৩, বেলাঃ ১১.৩০ ঘটিকা
দরপত্রের মূল্য টাঃ ৫০০/-(পাঁচশত) মাত্র (অফেরতযোগ্য)

প্রিয় মহোদয়,

**খুশিলির কর্মকর্তা ও কর্মচারীদের যাতায়াতের নিমিত্তে ৫২ আসন বিশিষ্ট ০১টি বাস প্রতি মাসে ভাড়া পরিশোধের শর্তে ০১ (এক) বৎরের জন্য ভাড়া করার দরপত্র আহবান প্রসংগে।**

১। বিষয়োক্ত কাজের জন্য আপনাদের প্রতিষ্ঠানের নিকট হতে দরপত্র আহবান করা যাচ্ছে। উক্ত দরপত্র ডাকযোগে/সরাসরি/ সীলমোহরকৃত বন্ধ খামে নির্ধারিত সময়ের মধ্যে (সকাল ১১.১৫মিঃ) খুশিলির প্রধান গেটে রক্ষিত টেন্ডার বক্সে ফেলতে হবে অথবা ই-মেইল যোগে (oiccoml.ksy@gmail.com) প্রেরণ করতে হবে এবং (dgml.ksy@gmail.com) কে CC তে রাখতে হবে। উল্লেখ্য উক্ত দিন সকাল ১১.৩০ ঘটিকায় উপস্থিত দরদাতাদের সম্মূখে দরপত্র সমূহ খোলা হবে। মূল্য তালিকা অবশ্যই নিম্নে বর্ণিত শর্তাবলী অনুযায়ী হতে হবে।

২। **কাজের বিবরনঃ**

| বিবরন | দর প্রতি ট্রিপ (টাকা) |
|---|---|
| **খুশিলির কর্মকর্তা ও কর্মচারীদের যাতায়াতের নিমিত্তে ৫২ আসন বিশিষ্ট ০১টি বাস প্রতি মাসে ভাড়া পরিশোধের শর্তে ০১ (এক) বৎরের জন্য ভাড়া করা (সার্ভিস সন্তোষজনক হলে পরবর্তি ০১ (এক) বৎসরের জন্য নবায়নযোগ্য)।**<br><br>**যাতায়াতের স্থানঃ**<br>**খুলনা শিপইয়ার্ড টু ফুলবাড়ি গেট পর্যন্ত (১৫.৫ কি.মি. প্রায়) = ০১ট্রিপ।** | **প্রতি ট্রিপ টাকাঃ** |

৩। **শর্তাবলীঃ**

ক। বাসটিতে উন্নতমানের ন্যূনতম ৫২ আসন বিশিষ্ট হতে হবে। আন্তঃ জেলা চলাচলকারী বাসের সমমানের বাস, যাহাতে পর্যাপ্ত সুযোগ - সুবিধা, যেমন - দরজা, জানালা, সিট ইত্যাদি পরিপাটি থাকতে হবে।

খ। বাসটি সকাল ০৭.২০ ঘটিকার মধ্যে খুশিলিতে উপস্থিত থাকতে হবে।

গ। বাসটি অফিস সময় শেষে প্রতিদিন বিকাল ১৬.৪০ ঘটিকায় খুশিলি ত্যাগ করতে হবে।

ঘ। চুক্তির মেয়াদকাল অনধিক ০১ (এক) বছরের জন্য বলবৎ থাকবে। তবে সার্ভিস সন্তোষজনক হলে পরবর্তি ০১ (এক) বৎসরের জন্য নবায়নযোগ্য।

ঙ। খুশিলির কর্মকর্তা/ কর্মচারীদেরকে ফুলবাড়ী গেট ও শহরের অন্যান্য বিভিন্ন স্থান হতে নির্ধারিত সময় অনুযায়ী শিপইয়ার্ডে আনা এবং পুনরায় স্ব - স্ব স্থানে পৌঁছে দিতে হবে।

চ। খুশিলি কর্তৃপক্ষ সময় সূচী রমজান মাস বা যে কোন সময় পরিবর্তন করতে পারবে।

ছ। খুশিলি কর্তৃক বাস ভাড়া প্রতি মাসের ১০ তারিখের মধ্যে পরিশোধ করার ব্যবস্থা করা হবে।

জ। বাস চালানো সমস্ত খরচ, যেমন - ড্রাইভার ও হেলপারদের বেতন, তৈল খরচের মূল্য, বীমা খরচ, রোড, ট্যাক্স, বাস মেরামতের খরচ, অন্যান্য খরচ ও দূর্ঘটনাজনিত সমস্ত দায় - দায়িত্ব বাস মালিক কর্তৃক বহন করতে হবে।

ঝ। অনাকাঙ্খিত কারণ ব্যতিত বাস সরবরাহকারী যদি এক নাগাড়ে ০৩ (তিন) দিন বাস সরবরাহ বন্ধ রাখে সেক্ষেত্রে বাস ভাড়া চুক্তি বাতিল বলে গণ্য হবে। সেক্ষেত্রে খুশিলি বাস সরবারাহকারী প্রতিষ্ঠানের জামানতের টাকা সমূদয় বাজেয়াপ্ত করা হবে।

ঞ। যদি বাস সরবরাহকারী চুক্তি বাতিল করতে চান সেক্ষেত্রে ০৩ (তিন) মাসের অগ্রিম নোটিশ প্রদানের মাধ্যমে অবহিত করতে হবে।

ট। ছুটির দিনে বাসের প্রয়োজন হলে সরবরাহকারী বাস সরবরাহ করতে বাধ্য থাকবেন।

ঠ। বাস সরবরাহকারী যদি কোনদিন বাস সরবরাহ করতে ব্যর্থ হয় সে ক্ষেত্রে ঐ দিনের জন্য ৫২ আসন বিশিষ্ট বাসের জন্য নির্ধারিত ট্রিপের ভাড়া পরিশোধ করা হবে না। উপরোক্ত জরিমানা হিসেবে টাকা ২,০০০.০০ (টাকা দুই হাজার মাত্র) বাস সরবরাহকারীর বিল হতে আদায় করা হবে। ট্রিপ সংখ্যা কমের জন্য আনুপাতিক হারে ভাড়া ও জরিমানা কর্তন করা হবে। তবে, যদি হরতাল, ধর্মঘট, বাসের যান্ত্রিক ত্রুটি, প্রতিবন্ধকতা ও মারাত্মক প্রাকৃতিক দূর্যোগজনিত কারণে বাস সরবরাহ না করা হয় সেক্ষেত্রে ভাড়া প্রদান করা হবে না ও জরিমানা কর্তন করা হবে না।

ড। উত্তম মানের বাস অর্থাৎ টেন্ডারে প্রদানকৃত বাস কোন কারণে বিকল হলে সমমানের বাস সরবরাহ করতে হবে। নিম্নমানের বাস সরবরাহ করা হলে প্রতি ট্রিপে নির্দিষ্ট জরিমানা কর্তন করা হবে।

ঢ। খুশিলি প্রয়োজনবোধে কোন কারণ দর্শানো ব্যতিরেকে একই ভাড়ায় রুট ও বাস স্টপেজ পরিবর্তন করার অধিকার সংরক্ষণ করবে।

ণ। শিপইয়ার্ডের কর্মকর্তা ও কর্মচারী বহনকালে নিয়োজিত বাস ড্রাইভার প্রয়োজনে আরোহনরত জ্যেষ্ঠ কর্মকর্তার নির্দেশ মানতে বাধ্য থাকবেন এবং তার সার্বিক ব্যবহার বিনয়ী এবং ভদ্র হতে হবে।

ত। আগামী ১১ মার্চ ২০২৪ তারিখ হতে ১৯ মার্চ ২০২৪ তারিখের মধ্যে অফিস চলাকালিন সময়ে দরপত্রের মূল্য বাবদ টাকা = ৫০০.০০ (পাঁচশত) মাত্র (অফেরতযোগ্য) প্রদান করতঃ দরপত্র সংগ্রহ করতে হবে।

থ। ২০ মার্চ ২০২৪ তারিখ সকাল ১১.১৫ ঘটিকার মধ্যে জামানত হিসেবে টাকা = ৫০,০০০.০০ (পঞ্চাশ হাজার) মাত্র (চুক্তির মেয়াদ শেষে ফেরতযোগ্য) বরাবর, খুলনা শিপইয়ার্ড লিমিটেড, খুলনা এর অনুকূলে পে-অর্ডার এর মাধ্যমে, ট্রেড লাইসেন্স, ভ্যাট ও আয়কর সনদের সত্যায়িত কপিসহ বন্ধ খামে খুশিলির প্রধান ফটকে রক্ষিত টেন্ডার বক্সে দরপত্র ফেলতে হবে অথবা On line এ (Email: (oiccoml.ksy@gmail.com) ও dgml.ksy@gmail.com) দরপত্র দাখিল করা যাবে। তবে ই-মেইলে দরপত্র প্রদানের ক্ষেত্রে অবশ্যই টাকা ৫০,০০০.০০ মাত্র এর পে-অর্ডার এবং দরপত্র ক্রয়ের টাকা ৫০০.০০ মাত্র এর মানিরিসিটের স্ক্যান কপি সকাল ১১.১৫ ঘটিকার মধ্যে ই-মেইলে প্রেরন করতে হবে এবং ২৪ ঘন্টার মধ্যে মূল কপি বাণিজ্যিক লোকাল শাখায় পৌছাতে হবে অন্যথায় দরপত্র বাতিল বলে গন্য হবে। উল্লেখ্য যে, ই-মেইল যোগে দরপত্র প্রেরনের পর সকাল ১১.১৫ ঘটিকার মধ্যে এই মোবাইল নম্বরে (মোবাঃ ০১৭২১-০০৮৬৪৫) ফোন করে নিশ্চিত করতে হবে। উভয় ক্ষেত্রে ৫০,০০০.০০ (পঞ্চাশ হাজার) মাত্র এর জামানত ব্যতীত দরপত্র বাতিল বলে গন্য হবে।

দ। দরপত্র আগামি ২০ মার্চ ২০২৪ সকাল ১১.৩০ ঘটিকায় খুশিলির এমপ্লয়িজ ক্লাবে টেন্ডারে অংশগ্রহনকারিদের উপস্থিতিতে খোলা হবে।

ধ। খামের উপরে অবশ্যই টেন্ডার নম্বর ও খোলার তারিখ লিখতে হবে।

ন। ঠিকাদারের দাখিলকৃত দরের মধ্যে সরকারি বিধি মোতাবেক ভ্যাট ও আয়কর অন্তর্ভূক্ত থাকতে হবে। মূল্য তালিকা অবশ্যই ৪০ (চল্লিশ) দিন পর্যন্ত বলবৎ রাখতে হবে।

প। টেন্ডারের কার্যক্রম শেষে অকৃতকার্যদের জামানতের অর্থ আগামি ১৫ এপ্রিল ২০২৪ তারিখে ফেরত প্রদান করা হবে।

ফ। কোন কারন দর্শানো ব্যতিরেকে খুলনা শিপইয়ার্ড লিঃ কর্তৃপক্ষ উক্ত টেন্ডার প্রক্রিয়া অথবা চুক্তি স্থগিত/ বাতিল করতে পারবে।

এম এম খায়রুল আলম
উর্ধ্বতন বানিজ্যিক কর্মকর্তা
পক্ষে ম্যানেজিং ডাইরেক্ট

**<u>টেন্ডার কমিটির স্বাক্ষরঃ</u>**

বানিজ্যিক শাখা হিসাব শাখা ব্যবহারকারি

-------------------------------------------------------------

আমরা উপরে বর্ণিত সমস্ত শর্তাবলী মেনে নিলাম।

ঠিকাদারের স্বাক্ষর
টিন/ভ্যাট নিবন্ধন নং